# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন ঃ
অফিস ঃ ৯৫৫৫১৩৩
ফ্যাক্স ঃ ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।

Phone :
Office : 9555133
Fax : 0088-02-9564763

স্মারক নং-৩১৮-পাউবো(সচি)/বোর্ড-২

তারিখঃ ০৪ অগ্রহায়ণ, ১৪২৫ বঙ্গাব্দ
১৮ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নৈতিকতা কমিটির ১৫তম সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নৈতিকতা কমিটির ১৫তম সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসাথ প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তের ওপর গৃহীত ব্যবস্থার ওপর অগ্রগতি প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

(আব্দুল খালেক)
সচিব, বাপাউবো ।
secretary@bwdb.gov.bd

সংযুক্তি: বর্ণনামতে:

স্মারক নং-৩১৮-পাউবো(সচি)/বোর্ড-২

তারিখঃ ০৪ অগ্রহায়ণ, ১৪২৫ বঙ্গাব্দ
১৮ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/ কার্যার্থে প্রেরীত হলো:

১. **মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা ও কমিটির সভাপতি।**
২-৬. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/ অর্থ/ পশ্চিম রিজিয়ন/ পূর্ব রিজিয়ন/ পরিকল্পনা), বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
৭-৮. চীফ মনিটরিং/ চীফ প্ল্যানিং, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
৯-১০. প্রধান, প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন পরিদপ্তর/ প্রধান, পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
১১. প্রধান প্রকৌশলী (সকল),----------------------------------বাপাউবো, --------------------------।
**( সভার সিদ্ধান্ত আপনার জোনের আওতাধীন দপ্তরসমূহে বিতরণ ও গৃহীত সিদ্ধান্তের ওপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।)**
১২. সচিব, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য-সচিব।
১৩-১৪. পরিচালক, জনসংযোগ/অর্থ পরিদপ্তর বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
১৫. সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
১৬. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
১৭. অফিস কপি।

সহকারী প্রোগ্রামার ১/২
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
সিস্টেম এনালিষ্ট- ১/২
আইসিটি সেল, বাপাউবো, ঢাকা

❖ জরুরী
❖ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
❖ নথিতে পেশ করুন
❖ নথিতে রাখুন
❖ তাগিদ পত্র দিন

(এস, এম, হুমায়ূন কবীর)
উপ পরি:(বোর্ড) (চলতি দায়িত্ব)
বাপাউবো, ঢাকা।

E:\KABIR- b-2\Shuddhachar- Noitikota committee\Meeting-15\forwarding.doc

## গত ২৭ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নৈতিকতা কমিটির ১৫ তম সভার কার্যবিবরণী।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নৈতিকতা কমিটির ১৫ তম সভা গত ২৭ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিঃ সকাল ৯:৩০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। বোর্ডের মহাপরিচালক ও বাপাউবো নৈতিকতা কমিটির আহবায়ক জনাব মোঃ মাহফুজুর রহমান সভায় সভাপতিত্ব করেন। সভায় বোর্ডের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) ও বাপাউবো নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব কাজী সাখাওয়াত হোসেন, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) জনাব মোঃ দেলোয়ার হোসেন, প্রধান পানি ব্যবস্থাপনা জনাব মাহফুজ আহমদ, প্রধান প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন জনাব মোহাম্মদ মকিবুর রহমানসহ কমিটির সদস্যগণ ও বিভিন্ন স্টেকহোল্ডার দপ্তরের প্রধানগণ সভায় উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত অন্যান্য সদস্যগণের তালিকা পরিশিষ্ট-১ এ উপস্থাপন করা হলো।

<u>আলোচ্যসূচী-কঃ পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ সভায় আলোচনা শেষে অনুমোদন করা হলো।</u>

সভার সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপনের জন্য নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বোর্ডের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) জনাব কাজী সাখাওয়াত হোসেনকে অনুরোধ জানান। কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা পূর্ববর্তী সভার অগ্রগতি ধারাবাহিকভাবে তুলে ধরেন।

বাপাউবো নৈতিকতা কমিটির আহবায়ক ও বোর্ডের মহাপরিচালক জনাব মোঃ মাহফুজুর রহমান বলেন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড দেশের অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি প্রাতিষ্ঠানিক উন্নয়নেও যথেষ্ট সুনাম অর্জন করেছে। এ উন্নয়নের ধারা অব্যাহতভাবে সমুন্নত রাখার আশাবাদ ব্যক্ত করে মহাপরিচালক মহোদয় বলেন, দেশের সার্বিক উন্নয়নে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অবদান অসামান্য। বিশেষ করে খাদ্যে সয়ংসম্পূর্ণতা অর্জন এবং সেচ অবকাঠামো ও বন্যা নিয়ন্ত্রণে বোর্ড নিরলস কাজ করে যাচ্ছে।

বোর্ডের সচিব জনাব আব্দুল খালেক সভাকে অবহিত করেন যে, ২০১৮-২০১৯ সালের জন্য প্রণীত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মপরিকল্পনা মোতাবেক ৪টি সভার মধ্যে অদ্য ১ম সভা অনুষ্ঠিত হচ্ছে। এছাড়া, গত ২৪ জুন, ২০১৮ খ্রিঃ ২০১৮-২০১৯ অর্থ-বছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা হয়। বোর্ডের সচিব কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম তুলে ধরেন তা বাস্তবায়নের বিষয়ে বিভিন্ন দপ্তরের সহযোগিতা কামনা করেন।

মহাপরিচালক মহোদয় বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি ত্বরান্বিত করার জন্য তাগিদ দিয়ে বলেন, নিয়মিত শুদ্ধাচার পুরস্কার প্রদানের মাধ্যমে বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে কাজে উৎসাহের সঞ্চার হবে এবং কাজে গতিশীলতা আসবে।

বোর্ডে কর্মকর্তা-কর্মচারীদের সময়মত আসা-যাওয়া নিশ্চিত করার জন্য বোর্ডের সদর দপ্তরসহ প্রায় সকল দপ্তরে বায়োমেট্রিক ফিঙ্গার পাঞ্চ মেশিন স্থাপন করা হয়েছে। বিষয়টি মনিটর করার জন্য বোর্ডের আইসিটি সেলের কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করে মহাপরিচালক মহোদয় বলেন, যে সকল কর্মকর্তা-কর্মচারী দপ্তরে সময়মত উপস্থিতির নির্দেশ অমান্য করছেন, তাদের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

পাশাপাশি,এ বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বোর্ডের বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রে নির্দেশনা প্রদান করার বিষয়ে মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। এছাড়া, তথ্য অধিকার আইন বিষয়ে বোর্ডের সকল দপ্তরে বিশেষ করে নির্বাহী প্রকৌশলীগণের দপ্তরে এ সংক্রান্ত নীতিমালা/আদেশ/নির্দেশনা সংরক্ষণ করতে হবে যাতে তাৎক্ষণিকভাবে গণমাধ্যম কর্মীসহ সকল নাগরিক তথ্যসুবিধা পেতে পারেন।

মহাপরিচালক মহোদয় বলেন, সচিবালয় নির্দেশমালা (প্রযোজ্য ক্ষেত্রে), বিভিন্ন বিধিমালা, প্রবিধানমালা, জিআরএস, তথ্য অধিকার আইন, এপিএ, এনআইএস সহ সরকারের বিভিন্ন কর্মসূচী উপস্থাপন করার জন্য বোর্ডের প্রধান প্রকৌশলীগণের দপ্তরে আয়োজিত জোনাল সভায় পর্যায়ক্রমে বোর্ডের প্রতিনিধিগণ উপস্থিত থাকবেন।

এছাড়া, বোর্ডের সকল দপ্তরে ই-ফাইল ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে বোর্ডের প্রশিক্ষণ পরিদপ্তর ও বোর্ডের আইসিটি সেলকে দ্রুত উদ্যোগ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। তাছাড়া, বোর্ডের ০৯টি (নয়) জোনের সাথে মহাপরিচালক মহোদয়ের ধারাবাহিক ভিডিও কনফারেন্সের নিমিত্ত আগামী ০১ (এক) মাসের মধ্যে সংযোগ স্থাপনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। আগামীতে বোর্ডের এডিপি পর্যালোচনা সভা ভিডিও কনফারেন্সের মাধ্যমে সকল জোনাল প্রধান প্রকৌশলী সংযুক্ত থাকবেন। এতে সময় ও শ্রম সাশ্রয় হবে বলে মহাপরিচালক মহোদয় আশাবাদ ব্যক্ত করেন।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

সভায় বোর্ডের নথি ব্যবস্থাপনা বিষয়ে দীর্ঘ আলোচনা হয়। সভায় উপস্থিত বোর্ডের বিভিন্ন দপ্তরে প্রধানগণ তাঁদের দপ্তরে রক্ষিত দীর্ঘ দিনের পুরনো অথচ গুরুত্বপূর্ণ নথি সংরক্ষণ, ব্যবস্থাপনা ও স্থান সংকুলানের বিষয়ে মহাপরিচালক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে বোর্ডে অতিরিক্তি মহাপরিচালক (প্রশাসন) এর নেতৃত্বে বোর্ডে এ সংক্রান্ত একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি গঠনের বিষয়ে সভায় সদস্যগণ এতমত পোষণ করেন। উক্ত কমিটি সচিবালয় নির্দেশমালা-২০১৪ এবং বিভিন্ন নির্দেশনা অনুসরণ করে বিভিন্ন দপ্তরের নথি সংরক্ষণ ও অপ্রয়োজনীয় নথি ধ্বংস/বিনষ্টকরণের সুপারিশ করবে।

<u>আলোচ্যসূচী-খঃ বাপাউবো শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক অগ্রগতি:</u>

এ বিষয়ে সভায় কর্মচারী উন্নয়ন পরিদপ্তরের পরিচালককে বাপাউবো শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি ত্বরান্বিত করার জন্য অনুরোধ জানানো হয়। সভাকে অবগত করা হয় যে, ইতোমধ্যে পুরস্কার প্রদান সংক্রান্ত অর্থনৈতিক কোড খোলা হয়েছে। বোর্ডে বিভিন্ন বেতন গ্রেডের মোট ০৩ (তিন) জন কর্মকর্তা-কর্মচারীকে চলতি অর্থ-বছরে এই পুরস্কার প্রদান করতে হবে। তাঁদের মধ্যে বেতন গ্রেড-০২ হতে গ্রেড-১০ পর্যন্ত একজন এবং বেতন গ্রেড-১১ হতে বেতন গ্রেড গ্রেড-২০ পর্যন্ত কর্মরতদের মধ্য হতে একজন কর্মকর্তা/কর্মচারী এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন। এছাড়া, মাঠ পর্যায়ের একজন জোনাল প্রধান প্রকৌশলীকে শুদ্ধাচার, Innovation সহ মাঠ পর্যায়ের কাজে দক্ষতা, সফলতা ও সততার ভিত্তিতে এই পুরস্কার প্রদান করা যেতে পারে। আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত ১ঃ** বাপাউবো শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত কমিটির সদস্য-সচিব ও কর্মচারী উন্নয়ন পরিদপ্তরের পরিচালক শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি ত্বরান্বিত করবেন। মাঠ পর্যায়সহ বোর্ডের সকল কর্মকর্তা/কর্মচারীকে শুদ্ধাচার ও উদ্ভাবনী কাজে আরও তৎপর ও দায়িত্বশীল হতে হবে।

**সিদ্ধান্ত ২ঃ** বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের সময়মত দপ্তরে আসা-যাওয়া নিশ্চিত করার জন্য বোর্ডের সদর দপ্তরসহ যে সকল দপ্তরে বায়োমেট্রিক ফিঙ্গার পাঞ্চ মেশিন স্থাপন করা হয়েছে, বোর্ডের আইসিটি সেলের কর্মকর্তাগণ উক্ত দপ্তরসমূহের ডিজিটাল হাজিরার বিষয়টি সময় সময় পরীক্ষা করবেন এবং বোর্ডের অবগতির জন্য তা উপস্থাপন করবেন। এরই ধারাবাহিকতায় বোর্ডের সকল দপ্তরকে এ কার্যক্রমের আওতায় আনয়নের নিমিত্ত আইসিটি সেল দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত ৩ঃ** সচিবালয় নির্দেশমালা (প্রযোজ্য ক্ষেত্রে), বিভিন্ন বিধিমালা, প্রবিধানমালা, জিআরএস, তথ্য অধিকার আইন, এপিএ, এনআইএস সহ সরকারের বিভিন্ন কর্মসূচী উপস্থাপন করার জন্য বোর্ডের প্রধান প্রকৌশলীর দপ্তরে সভা আয়োজনের ব্যবস্থা করবেন।

**সিদ্ধান্ত ৪ঃ** বোর্ডের ঢাকাস্থ বিভিন্ন দপ্তরে রক্ষিত দীর্ঘ দিনের পুরনো অথচ গুরুত্বপূর্ণ নথি সংরক্ষণ, ব্যবস্থাপনা ও স্থান সংকুলানের বিষয়ে বোর্ডের অতিরিক্তি মহাপরিচালক (প্রশাসন) মহোদয়ের এর নেতৃত্বে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটি সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর নির্দেশনা অনুসরণ করে বিভিন্ন দপ্তরের নথি সংরক্ষণ ও অপ্রয়োজনীয় নথি ধ্বংস/বিনষ্ট করার জন্য নিয়মিত সুপারিশ করবেন। মাঠ পর্যায়ের দপ্তরসমূহে এতদসংক্রান্ত কার্যাদি জোনাল প্রধান প্রকৌশলীর দায়িত্বে কমিটি গঠনপূর্বক বোর্ডকে অবহিত করবেন।

**সিদ্ধান্ত ৫ঃ** বোর্ডের ০৯টি (নয়) জোনের সাথে মহাপরিচালক মহোদয়ের ধারাবাহিক ভিডিও কনফারেন্স আয়োজনের ব্যবস্থা গ্রহণের নিমিত্ত আগামী ০১ (এক) মাসের মধ্যে সংযোগ স্থাপনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। আগামীতে বোর্ডের এডিপি পর্যালোচনা সভা ভিডিও কনফারেন্সের মাধ্যমে সকল জোনাল প্রধান প্রকৌশলীকে সংযুক্ত করার বিষয়েও সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভার সভাপতি ও বোর্ডের মহাপরিচালক জনাব মোঃ মাহফুজুর রহমান উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/১১/২০১৬

**মোঃ মাহফুজুর রহমান**
মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ও
আহবায়ক, বাপাউবো নৈতিকতা কমিটি ।